গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই- বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

১. প্রকল্পের বিবরণী:

১.১	প্রকল্পের নাম	:	উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ (২য় পর্যায়) (১ম সংশোধিত) প্রকল্প।
১.২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
১.৩	বাস্তবায়নকারী সংস্থা	:	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ।

২. **প্রকল্প এলাকা:** সমগ্র বাংলাদেশের ৮টি বিভাগের ৬১টি জেলার ২৩৫টি উপজেলা।

৩. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

ডিপিপি	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		বাস্তবায়নকাল
	মোট	জিওবি	
মূল	২০১৮০০.০০	২০১৮০০.০০	জুলাই ২০১৭ হতে জুন ২০২২
১ম সংশোধিত	২০৬৬০০.০০	২০৬৬০০.০০	জুলাই ২০১৭ হতে জুন ২০২৫

৪. প্রকল্পের উদ্দেশ্য:

- বিদ্যমান উপজেলা কমপ্লেক্সে অতিরিক্ত অফিস স্পেস ও আনুষঙ্গিক সুবিধা প্রদান;
- উপজেলা পর্যায়ে আবাসিক সুবিধা সম্প্রসারণ; এবং
- জনগণের সেবার মান নিশ্চিত করা।

৫. মূল কার্যক্রম:

প্রধান প্রধান কার্যক্রম	পরিমাণ
ভূমি অধিগ্রহণ	১২ একর
ভূমি উন্নয়ন	৩৩৯৫.০০ ঘনফুট
প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ	২৩৫ টি
আবাসিক ভবন নির্মাণ	৭৫টি
অন্যান্য ব্যয় (অভ্যন্তরীন সড়ক , রিটেইনিং ওয়াল, সীমানা প্রাচীর ও ড্রেন নির্মাণ)	২৫০৭৮.০০ মিটার

৬. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১. প্রকল্পের সম্পূর্ণ এলাকা সমীক্ষার আওতাভুক্ত হিসেবে বিবেচিত হবে;
২. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৩. প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৫. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭. প্রকল্পের আওতায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮. প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯. প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০. উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১২. প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ প্রতিবেদনে উল্লেখ করতে হবে;

১৩. প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS প্রণয়ন;

১৪. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজী ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১৫. প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৬. প্রকল্পটির ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়ন এবং যথাযথ ফিজিবিলিটি স্টাডি হয়েছে কিনা এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ থাকতে হবে;

১৭. প্রকল্পটির আওতায় উপজেলা কমপ্লেক্স উন্নয়নের জন্য স্থান নির্বাচন যথাযথ ছিল কিনা, জমির জটিলতা রয়েছে কিনা এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ থাকতে হবে;

১৮. প্রকল্পের আওতায় নির্মিত এবং নির্মিতব্য উপজেলা কমপ্লেক্স রক্ষণাবেক্ষণ কিভাবে হবে, উপজেলা কমপ্লেক্স নির্মাণের ফলে পরিবেশের কোন ক্ষতি হবে কি না সে বিষয়ে আলোচ্য প্রকল্পটিতে সুস্পষ্ট রুপরেখা আছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণ ও সুপারিশ থাকতে হবে;

১৯. প্রকল্পটির ক্রমপুঞ্জিত অগ্রগতি বিশ্লেষণ করে বলতে হবে বর্তমানে প্রকল্পটি রাইট ট্রাকে আছে কিনা, না থাকলে কেন নেই তার পর্যবেক্ষণপূর্বক এ থেকে উত্তোরণের বিষয়ে সুপারিশমালায় থাকতে হবে। ল্যাবরেটরি টেস্টের মাধ্যমে পূর্ত নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ের প্রয়োজনীয় সক্ষমতা থাকতে হবে;;

২০. পরামর্শক প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালে তথ্যদাতাদের মোবাইল নাম্বার, জাতীয় পরিচয়পত্র (যদি সম্ভব হয়) সংগ্রহের পাশাপাশি FGD ও KII করার ভিডিও তৈরি করে অত্র বিভাগে জমা দিতে হবে, যা প্রমাণক হিসেবে গণ্যকরা হবে;

২১. প্রকল্প চলাকালীন ইনটারনাল ও এক্সটারনাল অডিট সম্পাদন হয়েছে কিনা; হয়ে থাকলে তার প্রকৃতি নিয়ে আলোচনা;

২২. ইতিঃপূর্বে প্রকল্প পরিদর্শিত হয়ে থাকলে পরিদর্শন প্রতিবেদনের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে পর্যালোচনা;

২৩. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য কার্যাবলি।

৭. ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র.	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;

ক্র.	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
২)	ক) টিম লিডার-	অর্থনীতি/পাবলিক এডমিনিস্ট্রেশন/ডেভেলপ মেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতোকত্তর ডিগ্রি; উচ্চতর ডিগ্রি থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ৩ (তিন)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; • প্রকল্প ব্যবস্থাপনা, পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর), e-GP অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; • প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৩টি প্রকাশনা থাকতে হবে। • উপস্থাপনা দক্ষতা (Presentation Skill)
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	ন্যুনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা এবং সুপারভিশন কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; • জলবায়ু পরিবর্তন ও বায়ো ডাইভারসিটি এবং পরিবেশের প্রভাব নির্ণায়ন কাজে অভিজ্ঞতা থাকতে হবে। • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; • প্রতিবেদন প্রণয়ন ও কম্পিউটার পরিচালনায় বিশেষ দক্ষতা থাকতে হবে;
	গ) ইলেকট্রিক্যাল ইঞ্জিঃ	নূন্যতম ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি থাকতে হবে	• গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; • প্রতিবেদন প্রণয়ন ও কম্পিউটার পরিচালনায় বিশেষ দক্ষতা থাকতে হবে;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে নুন্যতম স্নাতকোত্তর ডিগ্রি	• ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • বিভিন্ন Statistical Software পরিচালনায় দক্ষতা; এবং • Data Analysis কাজে অভিজ্ঞতা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও কম্পিউটার পরিচালনায় বিশেষ দক্ষতা

৮. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে
৪)	ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৪)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

৯. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি)।